



রেজিস্ট্রারের কার্যালয়

বরিশাল বিশ্ববিদ্যালয়

ফোন: ০৪৩১-৬২২৪৪, ফ্যাক্স: ০৪৩১-৬১৮২৭, ০১৭১১-১৮২১৬৫

web:barisaluniv.edu.bd, e-mail: pr_monirulislam@yahoo.com

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

স্মারক নং- বিইউ/রেজি/নোটিস/১৪০/১৫২

তারিখ: ১৪ অগ্রহায়ন ১৪২৪ বঙ্গাব্দ
২৮ নভেম্বর ২০১৭ খ্রিস্টাব্দ

নোটিস

বরিশাল বিশ্ববিদ্যালয়ের সকল সম্মানিত শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীর অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৭-ই মার্চের ঐতিহাসিক ভাষণ ইউনেস্কোর “মেমোরি অব দ্যা ওয়ার্ল্ড ইন্টারন্যাশনাল রেজিস্টার”-এ অন্তর্ভুক্তির মাধ্যমে “বিশ্বপ্রামাণ্য ঐতিহ্যের” স্বীকৃতি লাভের অসামান্য অর্জন উদযাপনের লক্ষ্যে বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে আগামী ০৬ ডিসেম্বর ২০১৭ তারিখ বুধবার নিম্নবর্ণিত কর্মসূচি গ্রহণ করা হয়েছে।

ক) সকাল ১০:০০টায় - আনন্দ শোভাযাত্রা।

খ) সন্ধ্যা ০৬:০০টায় - জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৭ই মার্চের ভাষণের ভিডিও প্রদর্শন, তাৎপর্য ব্যাখ্যা করে বক্তব্য এবং মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান।

উক্ত আনন্দ শোভাযাত্রায় সকল বিভাগকে নিজস্ব ব্যানার নিয়ে উপস্থিত থাকা ও উল্লিখিত কর্মসূচিতে অংশগ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে-

স্বা-

(মো. মনিরুল ইসলাম)

রেজিস্ট্রার

স্মারক নং- বিইউ/রেজি/নোটিস/১৪০/১৫২

তারিখ: ১৪ অগ্রহায়ন ১৪২৪ বঙ্গাব্দ
২৮ নভেম্বর ২০১৭ খ্রিস্টাব্দ

অনুলিপি (জ্যেষ্ঠতানুসারে নয়):

- ১। সকল অনুষদের ডিন, বরিশাল বিশ্ববিদ্যালয়।
- ২। সকল বিভাগীয় চেয়ারম্যান, বরিশাল বিশ্ববিদ্যালয় (সংশ্লিষ্ট বিভাগের সম্মানিত শিক্ষক, শিক্ষার্থীদের অবহিত করার অনুরোধসহ)।
- ৩। সকল অফিস প্রধান, বরিশাল বিশ্ববিদ্যালয় (কর্মকর্তা ও কর্মচারীদের অবহিত করার অনুরোধসহ)।
- ৪। উপ-পরিচালক (চলতি দায়িত্ব), জনসংযোগ অফিস, বরিশাল বিশ্ববিদ্যালয়।
- ৫। ভাইস-চ্যান্সেলর মহোদয়ের একান্ত সচিব, বরিশাল বিশ্ববিদ্যালয় (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৬। এসিস্ট্যান্ট প্রোগ্রামার, বরিশাল বিশ্ববিদ্যালয় (বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রচারের জন্য)।
- ৭। পিএ কাম কম্পিউটার অপারেটর, ট্রেজারার মহোদয়ের কার্যালয়, বরিশাল বিশ্ববিদ্যালয় (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৮। নোটিস বোর্ডসমূহ।
- ৯। সংশ্লিষ্ট নথি।

(মো. মনিরুল ইসলাম)
রেজিস্ট্রার